Get Printed Study Notes for UPSC Exam - https://iasexamportal.com/notes

CIVIL SERVICES (MAIN) EXAM-2022

বাংলা

প্রশ্নপত্র—I

(সাহিত্য)

নির্ধারিত সময় : 3 ঘণ্টা

পূর্ণাঙ্ক : 250

প্রশ্নপত্র-সংক্রান্ত আবশ্যিক নির্দেশাবলী

উত্তর লেখার পূর্বে নিম্নে প্রদত্ত প্রতিটি নির্দেশ যত্ন সহকারে পড়ুন

প্রশ্নপত্রের দুটি ভাগে সর্বমোট **আটটি (8)** প্রশ্ন আছে।

পরীক্ষার্থীকে সর্বমোট **পাঁচটি (5)** প্রশ্নের উত্তর দিতে হবে।

প্রথম (1) এবং **পঞ্চম (5)** প্রশ্ন দুটি আবশ্যিক। দুটি বিভাগ থেকে অন্তত একটি করে প্রশ্ন নিয়ে অবশিষ্ট **তিনটি (3)** প্রশ্নের উত্তর দিতে হবে।

প্রতিটি প্রশ্ন/প্রশ্নাংশের জন্য নির্ধারিত মূল্যাঙ্ক দেওয়া হয়েছে।

উত্তরগুলি **বাংলা** (বাংলা লিপি) অক্ষরে লিখতে হবে।

কোনো প্রশ্নের সঙ্গে উত্তরের জন্য নির্দিষ্ট শব্দসংখ্যা দেওয়া থাকলে তা মান্য করতে হবে।

উত্তরগুলি ক্রমানুসারে বিচার করা হবে। কোনো উত্তর বা উত্তরাংশ বাতিল করার জন্য স্পষ্ট বর্জন রেখা না থাকলে সেটি বিচার্য হবে। প্রশ্নোত্তর পুস্তিকার পৃষ্ঠা বা পৃষ্ঠার অংশ খালি থাকলে পরিষ্কারভাবে কেটে দিতে হবে।

BENGALI

PAPER—I

(LITERATURE)

Time Allowed : Three Hours

Maximum Marks : 250

QUESTION PAPER SPECIFIC INSTRUCTIONS

Please read each of the following instructions carefully before attempting questions

There are EIGHT questions divided in two Sections.

Candidate has to attempt FIVE questions in all.

Question Nos. **1** and **5** are compulsory and out of the remaining, THREE are to be attempted choosing at least ONE from each Section.

The number of marks carried by a question/part is indicated against it.

Answers must be written in BENGALI (Bengali script).

Word limit in questions, wherever specified, should be adhered to.

Attempts of questions shall be counted in sequential order. Unless struck off, attempt of a question shall be counted even if attempted partly. Any page or portion of the page left blank in the Question-cum-Answer Booklet must be clearly struck off.

Download FREE UPSC E-BOOKS FREE! CLICK HERE

Get Printed Study Notes for UPSC Exam - https://iasexamportal.com/notes

SECTION—A

1. নিম্নলিখিত প্রতিটি প্রশ্নের উত্তর দিন (প্রত্যেক উত্তরের প্রত্যাশিত শব্দসংখ্যা *150*) : 10×5=50

(a) ইন্দো-ইউরোপীয় ভাষাবংশ থেকে বাংলা ভাষার উদ্ভব বিষয়ে সংক্ষেপে লিখুন। ভাষাবংশের রেখাচিত্রটি উল্লেখ করুন। 5+5=10

(b) প্রাচীন বাংলা ভাষার কালগত সীমা ও সাহিত্যিক নিদর্শন উল্লেখ করে এর ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি সংক্ষেপে লিখুন। 1+1+8=10

(c) ভাষা ও উপভাষা কাকে বলে? বঙ্গালী উপভাষার ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি উদাহরণসহ উল্লেখ করুন। 3+7=10

(d) বাংলা ভাষার শব্দভাণ্ডারে কত ধরনের বিদেশী শব্দ মিশ্রিত হয়েছে সে বিষয়ে উদাহরণসহ আলোচনা করুন। 10

(e) সাধু ও চলিত বাংলা ভাষার পার্থক্যগুলি উদাহরণসহ উল্লেখ করুন। 10

2. নিম্নলিখিত প্রতিটি প্রশ্নের উত্তর দিন :

(a) স্বরাগম (আদি-মধ্য-অন্ত্য), সাদৃশ্য, অপিনিহিতি—বাংলা ভাষায় এই ধ্বনি-পরিবর্তনগুলি কীভাবে ঘটে তা উদাহরণসহ উল্লেখ করুন। 8+6+6=20

(b) বাংলা লিপি ও বাংলা বানান সংস্কার বিষয়ে উদাহরণসহ আপনার মতামত জানান। 15

(c) আধুনিক বাংলা ভাষার বাক্য-নির্মিতির নিয়ম ও বিচ্যুতি বিষয়ে উদাহরণসহ আলোচনা করুন। 15

3. নিম্নলিখিত প্রতিটি প্রশ্নের উত্তর দিন :

(a) মধ্যভারতীয় আর্যভাষার সময়সীমা উল্লেখ করে এর ধ্বনিগত ও রূপগত বৈশিষ্ট্যের পরিচয় দিন। 2+9+9=20

(b) উদাহরণসহ মূর্ধন্যীভবন, নাসিক্যীভবন ও স্বরসঙ্গতি-বিষয়ক বাংলা ভাষার ধ্বনি-পরিবর্তনের আলোচনা করুন। 5+5+5=15

(c) কৃতঋণ শব্দ (Loan Words) বলতে কী বোঝায়? বাংলা শব্দভাণ্ডারে এই জাতীয় শব্দের প্রভাব আলোচনা করুন। 15

Download FREE UPSC E-BOOKS FREE! CLICK HERE

Get Printed Study Notes for UPSC Exam - https://iasexamportal.com/notes

4. নিম্নলিখিত প্রতিটি প্রশ্নের উত্তর দিন :

(a) উদাহরণসহ বাংলা মৌলিক ও যৌগিক স্বরধ্বনিগুলির প্রকারভেদ আলোচনা করুন। 20

(b) বাংলা ভাষায় লিপ্যন্তর (Transliteration) এবং রোমানীকরণ (Romanization)-এর ক্ষেত্রে যে সমস্যাগুলি দেখা যায় তার উল্লেখ করে সম্ভাব্য সমাধান বিষয়ে যুক্তিসহ আপনার মতামত দিন। 15

(c) ঝাড়খণ্ডী উপভাষার ধ্বনিতাত্ত্বিক ও রূপতাত্ত্বিক বৈশিষ্ট্যের পরিচয় দিন। 15

SECTION—B

5. নিম্নলিখিত প্রতিটি প্রশ্নের উত্তর দিন (প্রত্যেক উত্তরের প্রত্যাশিত শব্দসংখ্যা *150*) : 10×5=50

(a) বাংলা সাহিত্যের যুগবিভাগ সম্পর্কে প্রামাণ্য তথ্যসহ আলোচনা করুন। 10

(b) প্রাগাধুনিক বাংলা সাহিত্যের বিবিধ সংরূপ বিষয়ে উদাহরণসহ আলোচনা করুন। 10

(c) বাংলা অনুবাদ সাহিত্যের বৈশিষ্ট্য ও বৈচিত্র্য বিষয়ে আলোচনা করুন। 10

(d) চৈতন্যপূর্ব ও চৈতন্যপরবর্তী 'বৈষ্ণব পদাবলী'র পার্থক্য বিষয়ে আলোকপাত করুন। 10

(e) বাংলা সাহিত্যে আধুনিক যুগের সূচনা কবে থেকে? এই আধুনিকতার স্বরূপ আলোচনা করুন। 10

6. নিম্নলিখিত প্রতিটি প্রশ্নের উত্তর দিন :

(a) প্রাগাধুনিক যুগের বাংলা সাহিত্যের কোন্ কোন্ সংরূপে দেববাদের পরিবর্তে মানবতাবাদের লক্ষণ দেখা গিয়েছিল—উদাহরণসহ উল্লেখ করুন। 15

(b) উনিশ শতকের বাংলা আখ্যানকাব্য ও মহাকাব্য-ধারার পাশাপাশি কীভাবে গীতিকাব্যের উদ্ভব হল—বিষয়টি সাহিত্যিক নিদর্শনসহ বিশ্লেষণ করুন। 20

(c) রবীন্দ্রানুরাগী ও রবীন্দ্র-বিরোধী বাংলার কবিগোষ্ঠী সম্পর্কে আপনার নিজস্ব অভিমত জানান। 15

Download FREE UPSC E-BOOKS FREE! CLICK HERE

Get Printed Study Notes for UPSC Exam - https://iasexamportal.com/notes

7. নিম্নলিখিত প্রতিটি প্রশ্নের উত্তর দিন :

(a) প্রাক্-'দুর্গেশনন্দিনী' বাংলা উপন্যাসের সৃজন-পর্বটি (১৮০০—১৮৬৪) বিষয়ে সাহিত্যিক নিদর্শনসহ আলোচনা করুন। 15

(b) আখ্যানে ত্রিকোণ-প্রেমের উপস্থাপনে বঙ্কিমচন্দ্র ও রবীন্দ্রনাথের জীবনদর্শন ও শিল্পরূপগত স্বাতন্ত্র্য বিষয়ে আপনার নিজস্ব অভিমত সংক্ষেপে জানান। 20

(c) রবীন্দ্রনাথের তত্ত্বধর্মী নাটকগুলির উল্লেখ করে এগুলিতে প্রকাশিত রবীন্দ্রনাথের বিশেষ ভাবনা বিষয়ে আপনার ধারণা বিবৃত করুন। 15

8. নিম্নলিখিত প্রতিটি প্রশ্নের উত্তর দিন :

(a) বাংলা গদ্যের বিকাশে রামমোহন রায় এবং ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের অবদান বিষয়ে সংক্ষিপ্ত আলোচনা করুন। 20

(b) কল্লোল-গোষ্ঠীর কবিদের রচনায় রবীন্দ্র বিরোধিতা ও পরবর্তীকালে রবীন্দ্রনাথকে আত্মস্থ করেই কবিতা লেখার বিষয়টি কীভাবে এল—এ বিষয়ে তথ্যনিষ্ঠ আলোচনা করুন। 15

(c) আশাপূর্ণা দেবী ও মহাশ্বেতা দেবীর প্রতিনিধিস্থানীয় রচনার ও রচিত চরিত্রের উল্লেখ করে তাঁদের দৃষ্টিভঙ্গির নিজস্বতা ও নারীভাষার প্রায়োগিক দিকটি বিষয়ে আপনার ধারণা লিপিবদ্ধ করুন। 15

★ ★ ★

Download FREE UPSC E-BOOKS FREE! CLICK HERE